

বিওয়াইএলসি গ্র্যাজুয়েটদের সংবর্ধনা



বাংলাদেশ ইয়ুথ লিডারশিপ সেন্টার (বিওয়াইএলসি) আয়োজিত ১৮ ও ২০তম 'বিল্ডিং ব্রিজেস থ্রু লিডারশিপ ট্রেনিং প্রোগ্রাম' এবং ১১ ও ১২তম 'বিল্ডিং ব্রিজেস থ্রু লিডারশিপ ট্রেনিং জুনিয়র প্রোগ্রামে'র গ্র্যাজুয়েটদের সংবর্ধনা দেওয়া হয়েছে। এই প্রোগ্রামগুলোর সহায়তায় ছিল ঢাকায় অবস্থিত কিংডম অফ নেদারল্যান্ডস এম্বেসি। রাজধানীর লেকশোর হোটেলে এই অনুষ্ঠান হয়।

প্রতিযোগিতামূলকভাবে বাংলা, ইংরেজি ও মাদ্রাসা মাধ্যমের ১৬০ জন শিক্ষার্থী এই প্রোগ্রামগুলোর জন্য নির্বাচিত হন। নির্বাচিত শিক্ষার্থীরা কঠোর প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। যেখানে তারা নেতৃত্বের তাত্ত্বিক ও ব্যবহারিক শিক্ষা লাভ করেন। বিশ্লেষণমূলক চিন্তার দক্ষতা, সমস্যা সমাধান ও যোগাযোগ দক্ষতা বিকাশের সুযোগ লাভ করেন।

শ্রেণি কক্ষের প্রশিক্ষণ শেষ হওয়ার পর শিক্ষার্থীরা ছোট ছোট দলে ভাগ হয়ে টেকসই কমিউনিটি সার্ভিস প্রজেক্ট এবং সুবিধাবঞ্চিত এলাকার উন্নয়নে কাজ করেন। এই বছরে চারটি প্রোগ্রাম থেকে মোট ২২টি প্রজেক্ট অনুষ্ঠিত হয়, যেখানে শিক্ষার্থীরা স্বাস্থ্য, শিক্ষা এবং নাগরিক দায়বদ্ধতা নিয়ে কাজ করেন।

উক্ত অনুষ্ঠানের প্রধান বক্তা ডাচ রাষ্ট্রদূত হ্যারি ভারওয়াজ বলেন, 'বাংলাদেশ শুধুমাত্র তখনই এর সার্বিক সাফল্য লাভ করবে যখন তরুণরা নিজেদেরকে উপযুক্ত নেতৃত্ব ও যোগাযোগ দক্ষতার মাধ্যমে প্রস্তুত করবে।' বাংলাদেশের তরুণদের আগামী দিনের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুত করতে বিওয়াইএলসি প্রশংসনীয় কাজ করে যাচ্ছে বলে মন্তব্য করেন তিনি।

বিওয়াইএলসির চেয়ারম্যান আখতার মতিন চৌধুরী বলেন, 'নেতৃত্বের সঙ্গে ত্যাগ জড়িত। তুমি তখনই একজন সত্যিকারের নেতা হতে পারবে যখন নিজের স্বার্থের চেয়ে সামগ্রিক স্বার্থের কথা আগে ভাবতে পারবে।'

২২ ডিসেম্বর, ২০১৮

প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাতা ও প্রেসিডেন্ট ইজাজ আহমেদ বলেন, 'নেতৃত্ব দিতে হবে তোমার সুবিধাজনক অবস্থানের শেষ প্রান্ত থেকে। নেতিবাচকতা এবং বাধা-বিপত্তির মুখোমুখি হওয়া সত্ত্বেও তোমাকে অবশ্যই আশাবাদী একটি মনোভাব বজায় রাখতে হবে। নিজের লক্ষ্যের দিকে অবিচল থাকতে হবে।'

প্রসঙ্গত, পাঁচটি ভিন্ন প্রোগ্রামের মাধ্যমে তরুণদের মধ্যে সেতুবন্ধন তৈরির লক্ষ্যে এবং প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে তরুণদের প্রস্তুত করতে কাজ করে যাচ্ছে বিওয়াইএলসি। একই সঙ্গে বাংলাদেশের সরকারি, বেসরকারি ও বিভিন্ন নাগরিক খাতে অবদান রাখতে তরুণদের সক্ষম করে তুলতে কাজ করছে বিওয়াইএলসি। গত ১০ বছরে বিওয়াইএলসি ৩৫০০ এর অধিক তরুণকে প্রশিক্ষণ দিয়েছে।